বি. দ্র. সঠিক উত্তর শুধু (iii)।

৪. HBr দ্রবণে ফেনফথ্যালিন কী বর্ণ ধারণ করে?

- (ক) লাল (খ) হলুদ
(গ) গোলাপী (ঘ) বর্ণহীন

৫. কোনটি দুর্বল তড়িৎ বিশ্লেষ্য?

- (ক) NH_4OH (খ) NaOH
(গ) H_2SO_4 (ঘ) HNO_3

৬. 100 mL সেমিমোলার দ্রবণ তৈরিতে কী পরিমাণ Na_2CO_3 প্রয়োজন?

- (ক) 0.53 g (খ) 1.06 g
(গ) 5.30 g (ঘ) 10.60 g

৭. মোলার গ্যাস ধ্রুবক R-এর SI একক কোনটি?

- (ক) $\text{LatmK}^{-1}\text{mol}^{-1}$ (খ) $\text{JK}^{-1}\text{mol}^{-1}$
(গ) $\text{ergK}^{-1}\text{mol}^{-1}$ (ঘ) $\text{cal.K}^{-1}\text{mol}^{-1}$

৮. কোনটি লুইস ক্ষারক?

- (ক) CO (খ) BF_3
(গ) BeCl_2 (ঘ) SO_3

৯. হফম্যান ডিগ্রেশন দ্বারা কোনটি উৎপন্ন হয়?

- (ক) এসিড অ্যামাইড
(খ) প্রাইমারি অ্যামিন
(গ) সেকেন্ডারি অ্যামিন
(ঘ) কার্বিক্সিলিক এসিড

১০. $\text{C}_4\text{H}_{10}\text{O}$ সংকেত বিশিষ্ট যৌগের ক্ষেত্রে—

- i. সমাপূর সংখ্যা 5
ii. একটি সমাণু আলোক সক্রিয়
iii. একটি সমাণু 3° অ্যালকোহল

নিচের কোনটি সঠিক?

- (ক) ii (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

বি. দ্র. সঠিক উত্তর (ii) ও (iii)।

১১. যোজনী ও জারণ সংখ্যা উভয় শূন্য কোনটির?

- (ক) Br_2 (খ) Ar
(গ) CH_2Cl_2 (ঘ) HCHO

১২. 0.05 M গ্লুকোজ দ্রবণের ঘনমাত্রা ppm

এককে কত হবে?

- (ক) 900 (খ) 4500
(গ) 9000 (ঘ) 18000

১৩. ব্রাইনের তড়িৎ বিশ্লেষণ করলে কী উৎপন্ন হয়?

- (ক) NaCl (খ) NaHCO_3
(গ) NaOH (ঘ) NaClO

১৪. Pt, H_2/H^+ এর সাথে কোনটি ক্যাথোড হিসেবে ব্যবহৃত হবে?

- (ক) Au^{3+}/Au (খ) Mg^{2+}/Mg
(গ) Sn^{2+}/Sn (ঘ) Al^{3+}/Al

■ নিচের উদ্দীপকের আলোকে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :




১৫. B যৌগটি কী?

- (ক) RCHO (খ) RCOX
(গ) RCOOH (ঘ) RCOOR

১৬. A যৌগের সাথে কিটোন যৌগের বিক্রিয়ায় কী যৌগ উৎপন্ন হবে?

- (ক) 3° অ্যালকোহল
(খ) 2° অ্যালকোহল
(গ) 1° অ্যালকোহল
(ঘ) কার্বিক্সিলিক এসিড

১৭. কোন লেখচিত্রটি গে-লুসাক সূত্রকে সমর্থন করে?



১৮. ব্রনস্টেড-লাউরী তত্ত্বমতে এসিড হিসেবে

কাজ করে—

- i. PH_4^+
ii. HC_2O_4^-
iii. Na_2HPO_4

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. জৈব যৌগে মৌল শনাক্তকরণের জন্য কোন পরীক্ষা ব্যবহার করা হয়?

- (ক) আয়োডোফর্ম পরীক্ষা
(খ) কার্বিলঅ্যামিন পরীক্ষা

গ) বেয়ার পরীক্ষা

ঘ) লেসাইন পরীক্ষা

২০. অ্যামাইডের কার্যকরী মূলক হলো—

- (ক) $-\text{CONH}_2$ (খ) $-\text{COX}$
(গ) $-\text{CHO}$ (ঘ) $-\text{NH}_2$

২১. কোন মৌলটি হাইড্রোক্সিকারিক এসিড থেকে হাইড্রোজেন প্রতিস্থাপন করতে পারে না?

- (ক) Fe (খ) Co
(গ) Sn (ঘ) Pt

২২. FeCl_3 হতে 55.85 g Fe জমা করতে কী পরিমাণ বিদ্যুৎ লাগবে?

- (ক) 5F (খ) 3F
(গ) 2F (ঘ) 1F

২৩. $\text{Cr}_2\text{O}_7^{2-} + \text{H}^+ + \text{Fe}^{2+} \rightarrow$ এই বিক্রিয়ায়

- i. $\text{Cr}_2\text{O}_7^{2-}$ বিজারিত হয়
ii. Fe^{2+} জারিত হয়
iii. 6টি ইলেকট্রন স্থানান্তরিত হয়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. অর্ধমোল CO_2 গ্যাসে অক্সিজেন পরমাণুর সংখ্যা কত?

- (ক) 1টি
(খ) 2টি
(গ) 3.01×10^{23} টি
(ঘ) 6.023×10^{23} টি

২৫. কোনটি প্রাইমারি স্ট্যাভার্ড পদার্থ?

- (ক) CH_3COOH
(খ) $\text{Na}_2\text{C}_2\text{O}_4 \cdot 2\text{H}_2\text{O}$
(গ) $\text{Na}_2\text{S}_2\text{O}_3 \cdot 5\text{H}_2\text{O}$
(ঘ) KMnO_4

সেট : ঘ

সময়-২০ মিনিট

বরিশাল বোর্ড ২০২২

রসায়ন দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনী অভীক্ষা

বিষয় কোড : 1 7 7

পূর্ণমান-১৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।]

১. 0.05 M H₂SO₄ দ্রবণের ঘনমাত্রা ppm এককে কত?

- ক) 4500 খ) 4900
গ) 14500 ঘ) 14900

২. লবণ সেতুতে নিচের কোনটির দ্রবণ ব্যবহার করা যায়?

- ক) KNO₂ খ) KNO₃
গ) KMnO₄ ঘ) K₂CO₃

৩. 300 K তাপমাত্রায় He ও O₂ গ্যাসের RMS বেগের অনুপাত কত?

- ক) 16 : 1 খ) 8 : 1
গ) 4 : 1 ঘ) 1 : 4

[* বি.দ্র. : সঠিক উত্তর $\sqrt{8} : 1$

৪. জৈব যৌগে -COOH মূলক শনাক্তকরণে নিচের কোনটি ব্যবহৃত হয়?

- ক) FeCl₃ খ) AgNO₃
গ) NaHCO₃ ঘ) NaNO₃

৫. 250 mL 0.1 M NaOH দ্রবণে কত গ্রাম NaOH বিদ্যমান?

- ক) 0.5 খ) 1.0
গ) 1.5 ঘ) 2.0

৬. ফ্যারাডের সূত্র প্রযোজ্য-

- i. ইলেকট্রনের চার্জ গণনা
ii. ধাতুর পরিমাণ নির্ণয়ে
iii. তড়িৎ বিশ্লেষণ পরিবাহীর ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৭. প্রমাণ অবস্থায় 10.0 L CH₄ গ্যাসে অণুর সংখ্যা কত?

- ক) 0.2689 × 10²³
খ) 2.689 × 10²³
গ) 26.89 × 10²³
ঘ) 0.02689 × 10²³

৮. 5A বিদ্যুৎ 30 s ধরে কোনো ইলেকট্রোডে প্রবাহিত করলে প্রবাহিত বিদ্যুতের চার্জ কত কুলম্ব?

- ক) 0.15 খ) 1.5
গ) 15 ঘ) 150

৯. NH₃ ক্ষারধর্মী কারণ এটি-

- i. জোড় ইলেকট্রন দাতা
ii. এসিডের সাথে বিক্রিয়া করে
iii. প্রোটন গ্রহীতা
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. কোনটি অধিকতর স্থিতিশীল কার্বোনিয়াম আয়ন?

- ক) [⊕]CR₃ খ) [⊕]CHR₂
গ) [⊕]CH₂R ঘ) [⊕]CH₃

১১. Zn/Zn²⁺ (E° = 0.76 V) অ্যানোড হলে নিচের কোনটি ক্যাথোড হিসাবে ব্যবহার করা যাবে?

- ক) Co/Co²⁺ (E° = +0.28 V)
খ) Mg/Mg²⁺ (E° = +2.36 V)
গ) Ca/Ca²⁺ (E° = +2.87 V)
ঘ) Al/Al³⁺ (E° = +1.166 V)

১২. কোন যৌগটি আয়োডোফর্ম বিক্রিয়া দেয় না?

- ক) CH₃OH
খ) CH₃COCH₃
গ) CH₃CH(OH)CH₃
ঘ) CH₃CH₂OH

১৩.

20 mL 0.02 M Na ₂ CO ₃	20 mL 0.02 M H ₂ SO ₄
দ্রবণ-১	দ্রবণ-২

প্রদত্ত দ্রবণ দুটির ক্ষেত্রে-

- i. ১নং দ্রবণ একটি প্রমাণ দ্রবণ
ii. ১ ও ২নং দ্রবণে দ্রবের ভর ভিন্ন
iii. ১নং দ্রবণ দ্বারা ২নং দ্রবণকে পূর্ণ প্রশমিত করা যাবে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. নিচের কোন যৌগে সম্বন্ধরশীল π ইলেকট্রন আছে?

- ক) C₂H₂ খ) C₂H₄
গ) C₆H₆ ঘ) C₃H₈

১৫. SATP ও STP তে তাপমাত্রার পার্থক্য কত °C?

- ক) 273 খ) 25
গ) 0 ঘ) -273

১৬. নিচের কোনটি গ্রাহামের ব্যাপন সূত্র?

- ক) $r_1 \sqrt{M_1} = r_2 \sqrt{M_2}$
খ) $r \propto \frac{1}{M}$
গ) $\frac{r_1}{r_2} = \frac{\sqrt{M_1}}{\sqrt{M_2}}$ ঘ) $r \propto \sqrt{M}$

১৭. 1F বিদ্যুৎ চালনা করলে নিচের কোন ধাতুর আয়নটি ক্যাথোডে অধিক পরিমাণে সঞ্চিত হবে?

- ক) K খ) Zn
গ) Ca ঘ) Al

১৮. এসিড বৃষ্টির বেলায় অধঃক্ষেপণ সৃষ্টিতে pH এর মান কত হতে পারে?

- ক) 6.9 খ) 6.5
গ) 5.8 ঘ) 5.3

১৯. S_N1 বিক্রিয়ায়-

- i. বিক্রিয়া ধাপ দুটি
ii. সক্রিয়তার ক্রম-
3° RX > 2° RX > 1° RX > CH₃X
iii. বিক্রিয়ার হার হ্যালোজেনো অ্যালকেন ও নিউক্লিওফাইল উভয়ের উপর নির্ভরশীল
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. সন্ধি তাপমাত্রার নিচে পদার্থের অবস্থা কোনটি?

- ক) বাষ্প খ) তরল
গ) তরল স্ফটিক ঘ) প্লাজমা

২১. নিচের কোনটি মেসো যৌগ?

- ক) CH₃(CH)₂OHCH(OH)COOH
খ) CH₃CH(OH)CH(Cl)CH₃
গ) CH₃CH(OH)CH(OH)CH₃
ঘ) CH₃-CH₂CH(OH)CH₃

২২. MnO₄⁻ + H⁺ + Fe²⁺ → উৎপাদ; এই বিক্রিয়ায়-

- i. MnO₄⁻ বিজারিত হয়
ii. Fe²⁺ জারিত হয়
iii. ৫টি ইলেকট্রন স্থানান্তরিত হয়
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. M/M²⁺ || N^{+/N}, E°_{M/M²⁺} = 0.76 volt এবং E°_{N/N⁺} = -0.4 volt. প্রদত্ত কোষটির e.m.f কত volt?

- ক) +1.16 খ) +0.36
গ) -0.36 ঘ) -1.16

২৪. 4g H₂ গ্যাসের অবস্থার সমীকরণ কোনটি?

- ক) $\left(P + \frac{n^2 a}{V^2}\right)(V - nb) = nRT$
খ) $\left(P + \frac{2a}{V^2}\right)(V - 2b) = 2RT$
গ) $\left(P + \frac{4a}{V^2}\right)(V - 2b) = 2RT$
ঘ) $\left(P + \frac{4a}{V^2}\right)(V - b) = RT$

২৫. নিচের কোন যৌগটি Optical Isomerism দেখায়?

- ক) CH₂(NH₂)COOH
খ) CH₃CH(NH₂)COOH
গ) (CH₃)₂C = CHCl
ঘ) CH₃CH₂COOH

সেট : খ

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 177

সময়-২০ মিনিট

রসায়ন দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনী অভীক্ষা

পূর্ণমান-১৫

[বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।]

১. নিচের কোন তড়িৎদ্বার জারণ প্রক্রিয়া বুঝায়?

- ক) Cu^{+2}/Cu খ) Zn^{+2}/Zn
গ) Zn/Zn^{+2} ঘ) Cr^{+3}/Cr

২. নিচের কোনটি তীব্র এসিড?

- ক) HClO_4 খ) HIO_4
গ) H_3PO_4 ঘ) HNO_3

৩. বিউট-২-ইন প্রদর্শন করে কোনটি?

- ক) টটোমারিজম
খ) কার্যকরী মূলক সমাণুতা
গ) আলোক সমাণুতা
ঘ) জ্যামিতিক সমাণুতা

৪. $\text{Fe}^{2+} + \text{Sn}^{4+} \rightarrow \text{Fe}^{3+} + \text{Sn}^{2+}$ বিক্রিয়াটিতে-

- i. Fe^{2+} বিজারক
ii. Sn^{4+} বিজারিত হয়
iii. Sn^{2+} ইলেকট্রন ত্যাগ করেছে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৫. কোনটি পরমশূন্য তাপমাত্রা?

- ক) 0°C খ) 25°C
গ) 273K ঘ) -273°C

৬. 0.5 F = কত কুলম্ব?


- ক) 48,250 C খ) 96,500 C
গ) 1,93,000 C ঘ) 2,89,500 C

৭. $\text{CH}_3\text{COOH}(\text{aq}) + \text{KOH}(\text{aq}) \rightarrow \text{CH}_3\text{COOK}(\text{aq}) + \text{H}_2\text{O}$ উক্ত বিক্রিয়ায়

উপযুক্ত নির্দেশক হলো-

- ক) মিথাইল অরেঞ্জ
খ) ফেনফথ্যালিন
গ) মিথাইল রেড
ঘ) যে কোনো নির্দেশক

৮. নিচের লেখচিত্রটি গ্যাসের কোন সূত্রকে সমর্থন করে?



- ক) বয়েলের সূত্র
খ) গেলুসাকের সূত্র
গ) চার্লসের সূত্র
ঘ) অ্যাভোগেড্রো সূত্র

৯. কল-কারখানা অঞ্চলের এসিড বৃষ্টির পানির

- pH এর সীমা কত?
ক) 5.6-3.5 খ) 6.5-4.5
গ) 6.6-3.8 ঘ) 5.6-4.7

১০. $\text{FeSO}_4 + \text{KMnO}_4 + \text{H}_2\text{SO}_4 \rightarrow \text{Fe}_2(\text{SO}_4)_3 + \text{K}_2\text{SO}_4 + \text{MnSO}_4 + \text{H}_2\text{O}$ উক্ত বিক্রিয়ায়

সমতায়ুক্ত সমীকরণে বিজারক ও জারকের

- মোল সংখ্যার অনুপাত কত?
ক) 5 : 2 খ) 1 : 5
গ) 5 : 1 ঘ) 2 : 5

১১. কোনটি ২° অ্যালকোহলের কার্যকরী মূলক?

- ক) $\begin{array}{c} \text{O} \\ || \\ -\text{C}-\text{OH} \end{array}$ খ) $\begin{array}{c} \diagup \\ \text{C}-\text{OH} \\ \diagdown \end{array}$
গ) $\begin{array}{c} | \\ -\text{C}-\text{OH} \end{array}$ ঘ) $-\text{CH}_2\text{OH}$

১২. 1°, 2° এবং 3° অ্যালকোহলের পার্থক্য নির্ণয়ে কোন বিকারক ব্যবহার করা হয়?

- ক) টলেন বিকারক
খ) থ্রিগনার্ড বিকারক
গ) লুকাস বিকারক
ঘ) ফেহলিং বিকারক

১৩. সমআয়তন 0.1 M NaOH এবং 0.1 M H_2SO_4 দ্রবণের প্রকৃতি কী হবে?

- ক) নিরপেক্ষ খ) উভধর্মী
গ) অম্লীয় ঘ) ক্ষারীয়

১৪. কোনটি লুইস ক্ষারক?

- ক) BF_3 খ) AlCl_3
গ) H_2O ঘ) FeCl_3


১৫. তড়িৎ রাসায়নিক কোষে-

- i. ক্যাথোড থেকে অ্যানোডে বিদ্যুৎ প্রবাহিত হয়
ii. বিদ্যুৎ শক্তি রাসায়নিক শক্তিতে পরিণত হয়
iii. অ্যানোডে জারণ ঘটে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :



C যৌগটি তিন কার্বনবিশিষ্ট কিটোন

১৬. উদ্দীপকের P যৌগটি নিচের কোনটি?

- ক) $(\text{CH}_3)_2\text{C} = \text{CH}_2$
খ) $\text{CH}_3 - \text{CH}_2 - \text{CH} = \text{CH}_2$
গ) $\text{CH}_3 - \text{CH}(\text{CH}_3)\text{CH}_3$
ঘ) $\text{CH}_3 - \text{CH} = \text{CH} - \text{CH}_3$

১৭. উদ্দীপকের ক্ষেত্রে-

- i. উভয় উৎপাদ (B ও C) কে 1° অ্যালকোহল থেকে প্রস্তুত করা যায়
ii. C যৌগটি ফেহলিং দ্রবণের সাথে বিক্রিয়া দেয় না
iii. B ও C উভয়ই কার্বনিল যৌগ

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৮. 0.98 M Na_2CO_3 দ্রবণের শতকরা ঘনমাত্রা কত?

- ক) 9.80 খ) 10.39
গ) 13.52 ঘ) 15.42

১৯. SO_3^{2-} এর অনুবন্ধী এসিড কোনটি?

- ক) H_2SO_3 খ) H_2SO_4
গ) HSO_4^- ঘ) HSO_3^-

২০. 2 mol Al ক্যাথোডে জমা করতে কী পরিমাণ বিদ্যুৎ প্রয়োজন?

- ক) 1.5 F খ) 2.0 F
গ) 3.0 F ঘ) 6.0 F

২১. $\text{CH}_3 - \text{CH} = \text{C}(\text{CH}_3) - \text{CH}_2\text{OH}$ যৌগটির IUPAC নাম কী?

- ক) 2-মিথাইল বিউট-২-ইন-১-অল
খ) 2-মিথাইল-২-বিউটিনল
গ) অ্যালাইল অ্যালকোহল
ঘ) মিথাইল-২-বিউটিন-১-অল

২২. 0.5 M HNO_3 দ্রবণের ঘনমাত্রা ppm এককে কত হবে?

- ক) 15750 খ) 31500
গ) 63000 ঘ) 49000





২৩. পানীয় জলে WHO অনুমোদিত COD এর সর্বোচ্চ মান কত?

- ক) 6 ppm খ) 10 ppm
গ) 100 ppm ঘ) 500 ppm

২৪. কোনটির তড়িৎ রাসায়নিক তুল্যাক্ষ বেশি?

- ক) Zn খ) Cu
গ) Fe ঘ) Ag

২৫. কোনটি অ্যারোমেটিক হাইড্রোকার্বন নয়?

- ক)  খ) 
গ)  ঘ) 

সেট : ক

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 177

সময়-২০ মিনিট

রসায়ন দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনী অভীক্ষা

পূর্ণমান-১৫

[বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।]

১. আদর্শ গ্যাসের সমীকরণ কোনটি?

- ক) $PV = nRT$ খ) $PV = \frac{1}{3} mNC^2$
 গ) $PV = T$ ঘ) $P_1V_1 = P_2V_2$

২. কোন সমাণুতা আপনা আপনি ঘটতে পারে?

- ক) অবস্থান সমাণুতা খ) টটোমারিজম
 গ) গাঠনিক সমাণুতা ঘ) মেটোমারিজম

৩. কোনটি সেমিমোলার দ্রবণ?

- ক) 0.1 M খ) 0.05 M
 গ) 0.01 M ঘ) 0.5 M

৪. সেমিকন্ডাক্টর হিসেবে ব্যবহৃত হয়-

- ক) Cu খ) Al
 গ) Zn ঘ) Ge

৫. ইলেকট্রোফাইল হলো-

- i. $AlCl_3$
 ii. BF_3
 iii. $BeCl_2$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii

৬. দ্রবণের মোলারিটির একক হচ্ছে-

- ক) $\frac{N}{V}$ খ) $\frac{mol}{kg}$
 গ) $\frac{mol}{L}$ ঘ) $\frac{g}{L}$

৭. 1 মোল Ag ক্যাথোডে সঞ্চিত করতে $AgNO_3$ দ্রবণের কত ফ্যারাডে তড়িৎ চালনা করতে হবে?

- ক) 1 F খ) 2F
 গ) 3 F ঘ) 4 F

৮. $Fe^{2+} + Sn^{4+} \rightleftharpoons Fe^{3+} + Sn^{2+}$; বিক্রিয়াটিতে-

- i. Fe^{2+} জারিত হয়েছে
 ii. Sn^{2+} বিজারক
 iii. Fe^{3+} একটি ইলেকট্রন গ্রহণ করেছে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii

৯. অ্যালকিনের সাধারণ সংকেত কোনটি?

- ক) C_nH_{2n+2} খ) C_nH_{2n+1}
 গ) C_nH_{2n} ঘ) C_nH_{2n-2}

১০. 1 atm = কত প্যাসকেল?

- ক) 1.01325×10^2 Pa
 খ) 1.01325×10^{-2} Pa
 গ) 1.01325×10^5 Pa
 ঘ) 1.01325×10^{-5} Pa

১১. বেনজিন বলয়ে অর্ধো-প্যারা নির্দেশক মূলক

হচ্ছে-

- ক) $-COOCH_3$ খ) $-CHO$
 গ) $-NO_2$ ঘ) $-\ddot{N}MICOCH_3$

১২. কোনটি প্রাইমারি স্ট্যাভার্ড পদার্থ?

- ক) Na_2CO_3 খ) $Na_2S_2O_3$
 গ) H_2SO_4 ঘ) $KMnO_4$

১৩. $C_2H_5-O-C_2H_5$ যৌগটির নাম-

- i. ইথার
 ii. ডাই ইথাইল ইথার
 iii. ইথোক্সি ইথেন

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪. কোনটি গ্রাহামের ব্যাপন সূত্র?

$$k) r_1 \sqrt{M_1} = r_2 \sqrt{M_2}$$

$$খ) r \propto \frac{1}{M}$$


$$গ) \frac{r_1}{r_2} = \frac{\sqrt{M_1}}{\sqrt{M_2}}$$

$$ঘ) r \propto \sqrt{M}$$

১৫. কোন যৌগে ক্লোরিনের জারণ মান সর্বোচ্চ?

- ক) $HClO$ খ) $HClO_2$
 গ) $HClO_3$ ঘ) $HClO_4$

■ নিচের উদ্দীপকের আলোকে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :



১৬. উদ্দীপকের 'A' যৌগ হচ্ছে-

- i. অপ্রতিসম অ্যালকিন
 ii. জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে
 iii. Br_2 দ্রবণকে বর্ণহীন করে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii

১৭. উদ্দীপকের বিক্রিয়াটি-

- i. S_N2 মেকানিজম অনুসরণ করে
 ii. $\beta-H$ অপসারণে কার্বানায়ন সৃষ্টি করে
 iii. উৎপাদের ওয়ালডেন ইনভার্সন ঘটে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii

১৮. Ag এর তড়িৎ রাসায়নিক তুল্যাক্ষ হচ্ছে-

- ক) $1.01118 \times 10^{-3} gC^{-1}$
 খ) $1.118 \times 10^{-3} gC^{-1}$
 গ) $0.10118 \times 10^{-3} gC^{-1}$
 ঘ) $0.010118 \times 10^{-3} gC^{-1}$

১৯. $3H_2S + 2HNO_3 \rightarrow 2NO + 3S + 4H_2O$ বিক্রিয়াটিতে H_2S এর ভূমিকা কী?

- ক) জারক খ) বিজারক
 গ) টাইট্রেন্ট ঘ) টাইট্রান্ট

২০. তড়িৎ বিশ্লেষণে কোনটি আগে চার্জমুক্ত হবে?

- ক) Cu^{2+} খ) H^+
 গ) Pb^{2+} ঘ) Na^+

২১. 1 মোল গ্যাসের গতিশক্তি হচ্ছে-

- ক) $\frac{3RT}{N_A}$ খ) $\frac{3nRT}{2}$
 গ) $\frac{3R}{N_A}$ ঘ) $\frac{3RT}{2}$


২২. Zn-এর প্রমাণ জারণ বিভব কত?

- ক) $-0.76 V$ খ) $+0.76 V$
 গ) $-0.34 V$ ঘ) $+0.34 V$

২৩. NO_2^- আয়নের অনুবন্ধী অম্ল হচ্ছে-

- ক) HNO_3 খ) HNO_2
 গ) HNO_2^- ঘ) NO_3^-

■ নিচের উদ্দীপক হতে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :



২৪. Q বিন্দুতে তাপমাত্রা কত?

- ক) $-300^\circ C$ খ) $0^\circ C$
 গ) $-273^\circ C$ ঘ) $100^\circ C$

২৫. বয়েলের সূত্রের সাথে উদ্দীপকের চিত্রের

সমন্বয়ে গঠিত সম্পর্ক হচ্ছে-

- ক) $PV = K$ খ) $PV = KT$
 গ) $\frac{P}{T} = K$ ঘ) $\frac{V}{T} = K$

সকল বোর্ডের
শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র

মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

বিষয় কোড : 1 7 7


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ X একটি বাস্তব গ্যাস যার আণবিক ভর 32। দুটি ভিন্ন তাপমাত্রায় $\frac{RV}{RT}$ Vs P লেখচিত্র X গ্যাসও আদর্শ গ্যাসের ক্ষেত্রে নিম্নরূপ-



- ক. COD কী? ১
খ. এসিড বৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ২
গ. STP তে X গ্যাসের rms বেগ নির্ণয় কর। ৩
ঘ. গ্রাফ III থেকে গ্রাফ I ও II ভিন্ন হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

২ ▶




- ক. প্রশমন বিন্দু কী? ১
খ. কার্বন-কার্বন দ্বি-বন্ধন একক বন্ধন থেকে ছোট কেন? ২
গ. পাত্র-A এর H₂SO₄ দ্রবণের ppm ঘনমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. পাত্র-A ও পাত্র-B মিশ্রণের প্রকৃতি এবং pH নির্ণয় কর। ৪
- ৩ ▶ A ও B কার্যকরী মূলক যুক্ত আণবিক সংকেত C₃H₆O। উভয় সমাণু 2 : 4-DNP এর সাথে বিক্রিয়া করে হলুদ অধঃক্ষেপ দেয়। A যৌগটি টলেন বিকারকের সাথে সিলভার দর্পণ তৈরি করলেও B যৌগটি পারে না।
- ক. লুকাস বিকারক কী? ১
খ. HSO₄⁻ একটি অনুবন্ধী ক্ষারক? ব্যাখ্যা কর। ২
গ. C₃H₇Cl থেকে তুমি কিভাবে B যৌগ প্রস্তুত করবে? বিক্রিয়াসহ ব্যাখ্যা কর। ৩
ঘ. A ও B যৌগ দুটির কেন্দ্রাকর্ষী সংযোজন বিক্রিয়ায় কোনটি অধিক সক্রিয়? বিশ্লেষণ কর। ৪

- ৪ ▶ (i) Fe(s)/Fe²⁺(aq) || Cu²⁺(aq)/Cu(s)
(ii) Ag(s)/Ag⁺(aq) || Zn²⁺(aq)/Zn(s)
এখানে, E°_{Fe/Fe²⁺} = 0.44 V, E°_{Cu²⁺/Cu} = 0.34 V
E°_{Ag/Ag⁺} = -0.79 V, E°_{Zn²⁺/Zn} = -0.76 V
- ক. ফ্যারাডে কী? ১
খ. সিলভারের তড়িৎ রাসায়নিক তুল্যাংকের মান 0.001118 g/C বলতে কী বুঝ? ২
গ. যদি 320 mA বিদ্যুৎ 15 মিনিট যাবৎ কোষ (i) এ প্রবাহিত করা হয় তবে ক্যাথোডে কত গ্রাম ধাতু জমা হবে? ৩
ঘ. উদ্দীপকের (i) ও (ii) এর মধ্যে কোন কোষটি স্বতঃস্ফূর্ত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৫ ▶ (i) C(CH₃)₃Cl $\xrightarrow{\text{NaOH(aq)}}$ X + NaCl
(ii) C₂H₅-CH(CH₃)Cl $\xrightarrow{\text{NaOH(aq)}}$ Y + Z + NaCl + H₂O
- ক. পানির খরতা কী? ১
খ. Zn ধাতু বিজারক হিসেবে কাজ করে কেন? ২
গ. উদ্দীপক (i) এর ত্রিক্রয়াকৌশল ব্যাখ্যা কর। ৩
ঘ. Y ও Z এর মধ্যে একটি প্রধান এবং অপরটি সহউৎপাদ- কারণসহ বিশ্লেষণ কর। ৪


৬ ▶



এখানে A দ্রবণকে সম্পূর্ণরূপে জারিত করতে 50 mL 0.1 M অম্লীয় K₂Cr₂O₇ দ্রবণ প্রয়োজন।


- ক. কার্বনের ক্যাটেশন কী? ১
খ. থায়োফিন অ্যারোমেটিক যৌগ কেন? ২
গ. A দ্রবণের সাথে অম্লীয় KMnO₄ এর বিক্রিয়া আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা কর। ৩
ঘ. উদ্দীপকের ধাতু টুকরাটি বিশুদ্ধ কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶



- ক. ফ্রি-র্যাডিকেল কী? ১
খ. ল্যাকটিক এসিড আলোক সমাণুতা প্রদর্শন করে কেন? ২
গ. স্টপকক খোলা অবস্থায় মিশ্রণের মোট চাপ নির্ণয় কর। ৩
ঘ. A ও B গ্যাস দুটির মধ্যে কোনটির ব্যাপন হার বেশি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



- Mg(s) + Ni²⁺(aq) → Mg²⁺(aq) + Ni(s)
এখানে, E°_{Mg²⁺/Mg} = -2.36 V, E°_{Ni²⁺/Ni} = -0.25 V,
E°_{Cr³⁺/Cr} = -0.76 V
- ক. মেসোমারিক প্রভাব কী? ১
খ. বেনজালডিহাইড ক্যানিজারো বিক্রিয়া দেয় কেন? ২
গ. উদ্দীপক কোষটির emf মান নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের ক্যাথোডের দ্রবণটি ফ্রোমিয়াম ধাতুর পাঠ্রে সংরক্ষণ করা যাবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 7

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶

25 °C, 1 dm ³ 50 kPa 0.887 g	25 °C 1.5 dm ³ 150 kPa 1.695 g	25 °C 2dm ³ মিশ্রণ (A + B)
---	---	---

পাত্র-A পাত্র-B পাত্র-C

- ক. সংকট তাপমাত্রা কী? ১
- খ. মোল ভগ্নাংশ কি তাপমাত্রার উপর নির্ভরশীল? ব্যাখ্যা কর। ২
- গ. পাত্র-C এর মোট চাপ নির্ণয় কর। ৩
- ঘ. A ও B এর মধ্যে কোনটির ব্যাপন হার বেশি? বিশ্লেষণ কর। ৪

২ ▶



গ্যাস সিলিন্ডার


- ক. প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ কী? ১
- খ. COD এর মান BOD অপেক্ষা বেশি কেন? ব্যাখ্যা কর। ২
- গ. তাপমাত্রা বৃদ্ধি করে 35 °C এ উন্নীত করলে সিলিন্ডারটি বিস্ফোরিত হবে কি? ব্যাখ্যা কর। ৩
- ঘ. সিলিন্ডারে 25 kg গ্যাস ভর্তিকরণে গ্যাসসূত্রের প্রয়োগ অপরিহার্য- বিশ্লেষণ কর। ৪

৩ ▶

- $E^{\circ}_{M/M^{2+}} = +0.76 V$, $E^{\circ}_{N/N^{2+}} = -0.88 V$, $E^{\circ}_{D/D^{2+}} = +0.44 V$ } ধাতু M এবং N কে 0.1 M $M(NO_3)_2$ ও 0.2 M $N(NO_3)_2$ তড়িৎ বিশ্লেষণ দ্রবণ তৈরি করা হলো।

- ক. তড়িৎবিশ্লেষের পরিবাহিতা কী? ১
- খ. লবণ সেতুর গুরুত্ব লিখ। ২
- গ. উদ্দীপকের কোষ বিক্রিয়াসহ কোষ বিভব নির্ণয় কর। ৩
- ঘ. D^{2+} দ্রবণ M ও N এর মধ্যে কোন পাত্রে রাখা নিরাপদ হবে? ব্যাখ্যা কর। ৪


৪ ▶



- ক. লুইস অম্ল কী? ১
- খ. H_2CO_3 এর অনুবন্ধী যুগল কী? অনুবন্ধী অম্ল-ক্ষার তত্ত্বানুসারে ব্যাখ্যা কর। ২


- গ. পাত্র-C এর দ্রবণের ঘনমাত্রাকে ppm এককে হিসাব কর। ৩
- ঘ. পাত্র-B ও C ব্যবহার করে পাত্র-A এর Cu এর বিশুদ্ধতা নির্ণয় কর। ৪

- ৫ ▶ (i) $CH_3CH_2CHO + HCN \rightarrow 'A'$
(ii) $CH_3CH_2CH = CH_2 + HCN \rightarrow B_1(90\%) + B_2'(10\%)$
- ক. ক্যাটেনেশন কী? ১
- খ. জ্যামিতিক সমাপুতার শর্ত লিখ। ২
- গ. বিক্রিয়া (ii) এ দুটি ভিন্ন ধরনের উৎপাদ পাওয়া যায় কেন? ক্রিয়াকৌশলসহ লিখ। ৩
- ঘ. বিক্রিয়া-i ও বিক্রিয়া-ii এর কৌশল ভিন্ন- বিশ্লেষণ কর। ৪



- ক. এনানসিওমার কাকে বলে? ১
- খ. বিউটাইন-1 অম্লধর্মী হলেও বিউটাইন-2 অম্লধর্মী নয়- ব্যাখ্যা কর। ২
- গ. B থেকে A উৎপাদনে সংশ্লিষ্ট বিক্রিয়া বর্ণনা কর। ৩
- ঘ. রেজোনেন্স গঠনসহ B ও C যৌগের ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়া বিশ্লেষণ কর। ৪

৭ ▶



- ক. তড়িৎ রাসায়নিক তুল্যাক্ষ কী? ১
- খ. ইথানল হ্যালোফরম বিক্রিয়া দেখায় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. C থেকে F উৎপাদন বিক্রিয়াসহ লিখ। ৩
- ঘ. E ও C এর মধ্যে কোনটি কেন্দ্রাকর্ষী সংযোজন বিক্রিয়ায় অংশ নিবে? বিশ্লেষণ কর। ৪

৮ ▶

H_2SO_4 + $FeSO_4$ + $Na_2Cr_2O_7$	30 mL 0.02 M HNO_3 + 40 mL 0.05 M H_2SO_4 + 20 mL 0.1M NaOH
--	---

পাত্র-A

পাত্র-B

- ক. ফ্যারাডে ধ্রুবক কী? ১
- খ. অম্লীয় অক্সালিক এসিডের সাথে $KMnO_4$ এর টাইট্রেশনে কোনো নির্দেশক প্রয়োজন হয় না কেন? ২
- গ. পাত্র-A এর বিক্রিয়াটি আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা কর। ৩
- ঘ. পাত্র-B দ্রবণের প্রকৃতি pH নির্ণয়ের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

রাজশাহী ক্যাডেট কলেজ

রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 7 7

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶


60 mL 0.5 M HCl দ্রবণ	40 mL 2 M HCl দ্রবণ	(M + N) দ্রবণ H ₂ O = 250 mL	10% KOH 50 mL
পাত্র-M	পাত্র-N	পাত্র-Q	পাত্র-R

- ক. টটোমারিজম কী? ১
- খ. কোষে লবণ সেতুর ভূমিকা লিখ। ২
- গ. পাত্র Q এর ঘনমাত্রা ppm এককে নির্ণয় কর। ৩
- ঘ. পাত্র Q এর দ্রবণ পাত্র-R এর দ্রবণ দ্বারা সম্পূর্ণরূপে প্রশমিত হলে মিশ্রিত দ্রবণ লিটমাস পেপারের বর্ণের কোনো পরিবর্তন করতে পারবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶



- এখানে, $E^{\circ}_{M/M^{2+}} = +0.76 \text{ V}$
 $E^{\circ}_{M'/M'^{2+}} = -0.34 \text{ V}$
 $E^{\circ}_{M''/M''^{2+}} = +1.66 \text{ V}$
- ক. উর্টজ ফিটিং বিক্রিয়া কী? ১
- খ. বেনজিন সহজে যুত বিক্রিয়া দেয় না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের কোষটির কোষ বিভব নির্ণয় কর। ৩
- ঘ. দ্রবণ-2 এর পরিবর্তে দ্রবণ-3 রাখা যাবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪



- (এখানে R হলো দুই কার্বনযুক্ত অ্যালকাইল মূলক)
- ক. প্রমাণ দ্রবণ কী? ১
- খ. সবল ক্ষার ও দুর্বল অম্লের টাইট্রেশনে ফেনলফথ্যালিন নির্দেশক ব্যবহার করা হয় কেন? ২
- গ. হ্রিগনার্ড বিকারক থেকে B যৌগটি সংশ্লেষণ কর। ৩
- ঘ. D যৌগটি অ্যালডল ঘনীভবন অথবা ক্যানিজারো কোন ধরনের বিক্রিয়া দেয়? বিশ্লেষণ কর। ৪


- ৪ ▶ A ও B দুটি অ্যারোমেটিক যৌগ যাদের আণবিক ভর যথাক্রমে 123 ও 78। উভয় যৌগ Br₂ এর সাথে FeBr₃ এর উপস্থিতিতে ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়া দেয়।

- ক. পরমশূন্য তাপমাত্রা কী? ১
- খ. Hg এর প্রমাণ তড়িৎদ্বার বিভব + 0.79 V বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
- গ. B যৌগটির প্রতিস্থাপন বিক্রিয়া কেবল মেটা অবস্থানে ঘটে- ক্রিয়াকৌশলসহ লিখ। ৩
- ঘ. তুমি কিভাবে B যৌগকে A যৌগে রূপান্তর করবে? বিক্রিয়াকৌশল সহ দেখাও। ৪

৫ ▶

আদর্শ গ্যাস	চাপ	তাপমাত্রা	আয়তন	ভর
A	780 mm(Hg)	20 °C	450 mL	0.6 g
B	750 mm(Hg)	20 °C	500 mL	0.4 g

- ক. ফ্রিডেল ক্রাফট অ্যাসাইলেশন বিক্রিয়ার সংজ্ঞা দাও। ১
- খ. ফিউরান অ্যারোমেটিক যৌগ কেন? ব্যাখ্যা কর। ২
- গ. A গ্যাসটি নাইট্রোজেন হলে গ্যাসটির আংশিক চাপ নির্ণয় কর। ৩
- ঘ. A ও B আদর্শ গ্যাস দুটির মধ্যে কোনটির ব্যাপন হার বেশি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৬ ▶ (i) 30°C তাপমাত্রায় A গ্যাস মিশ্রণে 3g H₂ ও 8g O₂ গ্যাস 150 kPa চাপে রয়েছে।



- ক. অ্যারোমেটিসিটি কী? ১
- খ. -NH₂ হলো অর্থো-প্যারা নির্দেশক গ্রুপ? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের (i) নং মিশ্রণের আয়তন নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপক (ii) থেকে তাপমাত্রা পরিমাপের নতুন স্কেল কিভাবে প্রতিষ্ঠা করবে? বিশ্লেষণ কর। ৪

- ৭ ▶ (i) $\text{Al(s)}/\text{Al}^{3+}(\text{aq}) \parallel \text{Fe}^{2+}(\text{aq})/\text{Fe(s)}$: $E^{\circ}_{\text{cell}} = 1.22 \text{ V}$
(ii) $\text{Zn(s)}/\text{Zn}^{2+}(\text{aq}) \parallel \text{Ag}^+(\text{aq})/\text{Ag(s)}$: $E^{\circ}_{\text{cell}} = +1.56 \text{ V}$
এখানে, $\text{Al}/\text{Al}^{3+} E^{\circ} = +1.66 \text{ V}$, $\text{Zn}/\text{Zn}^{2+} E^{\circ} = +0.76 \text{ V}$
[প্রমাণ অবস্থায় $[\text{Zn}^{2+}] = 1 \text{ M}$]

- ক. জারণ সংখ্যা কাকে বলে? ১
- খ. SO₂ বিরঞ্জক হিসেবে কাজ করে- ব্যাখ্যা কর। ২
- গ. প্রমাণ অবস্থায় Fe ও Ag দ্বারা গঠিত কোষের কোষ বিভব নির্ণয় কর। ৩
- ঘ. (ii) নং কোষ $[\text{Ag}^+] = 1.5 \times 10^{-3} \text{ M}$ হলে উজ্জ্বলতার কোনো পরিবর্তন হবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶

CuSO ₄ + KI	Fe টুকরা (20 g) + H ₂ SO ₄ (dil) দ্রবণ	65 mL 0.75 M K ₂ Cr ₂ O ₇ দ্রবণ
পাত্র-A	পাত্র-B	পাত্র-C

[পাত্র-B এর দ্রবণ জারিত করতে পাত্র-C এর দ্রবণ সম্পূর্ণরূপে প্রয়োজন হয়]

- ক. কার্বকরী মূলক কী? ১
- খ. হ্যালোফরম বিক্রিয়ার জন্য CH₃CO- মূলক আবশ্যকীয় নয়? ব্যাখ্যা কর। ২
- গ. পাত্র-A এর বিক্রিয়াটি আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা কর। ৩
- ঘ. সরবরাহকৃত Fe টুকরাটি 80% এর অধিক বিশুদ্ধ। গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

কুমিল্লা ক্যাডেট কলেজ

বিষয় কোড : 177


সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶




- ক. পরম তাপমাত্রা স্কেল কী? ১
 খ. 1-ক্লোরো-1-হাইড্রক্সি ইথেন একটি আলোক সক্রিয় সমাণু- ব্যাখ্যা কর। ২
 গ. 40 °C তাপমাত্রায় পাত্রে A ও B গ্যাস মিশ্রণের মোট চাপ নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের কোন গ্যাসের ব্যাপন হার অধিক হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ $A + HBr \rightarrow B(90\%) + C(10\%)$ এখানে, $A = CH_3 - CH_2 - CH = CH_2$


- ক. অনুবন্ধী ক্ষারক কী? ১
 খ. SO_3 ইলেকট্রনাকর্ষী কেন? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের A যৌগ থেকে কীভাবে প্রোপান্যাল ও মিথান্যাল উৎপন্ন হবে? বিক্রিয়াসহ ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকের B ও C উৎপাদের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

৩ ▶




- ক. ফ্রি-র্যাডিকেল কী? ১
 খ. মোলার গ্যাস ধ্রুবক গ্যাসের প্রকৃতির উপর নির্ভর করে না কেন? ব্যাখ্যা কর। ২
 গ. A পাত্রে মিশ্রণের বিক্রিয়াটি আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা সাধন কর। ৩
 ঘ. A পাত্রে $KMnO_4$ এর বিশুদ্ধতা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶




- ক. গ্রিগনার্ড বিকারক কী? ১
 খ. পানির BOD মান 5 mg/L বলতে কী বুঝ? ২
 গ. উদ্দীপকের X গ্যাসের আণবিক ভর নির্ণয় কর। ৩
 ঘ. কোন শর্তে উদ্দীপকের গ্যাসগুলো আদর্শ গ্যাসের মত আচরণ করবে? বিশ্লেষণ কর। ৪

৫ ▶




- ক. ক্ষারকত্ব কী? ১
 খ. কিছু জারণ-বিজারণ টাইট্রেশনে নির্দেশকের প্রয়োজন নেই কেন? ২
 গ. উদ্দীপকের কোষ-Y তে STP তে কত mL Cl_2 গ্যাস অ্যানোডে উৎপন্ন হবে? হিসাব কর। ৩
 ঘ. কোষ-Z-এ তড়িৎ বিশ্লেষণের পর ঘনমাত্রা কত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



- ক. ফ্যারাডে ধ্রুবক কেন? ১
 খ. প্রমাণ হাইড্রোজেন তড়িৎদ্বারের বিভব শূন্য ধরা হয় কেন? ২
 গ. A পাত্রে দ্রবণের ঘনমাত্রা ppm এককে নির্ণয় কর। ৩
 ঘ. (A + B) মিশ্রণের প্রকৃতি pH নির্ণয়ের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

৭ ▶




এখানে, X ও Y এর পারমাণবিক সংখ্যা যথাক্রমে 28 ও 47।

$$E^\circ_{X^{2+}/X} = -0.25 \text{ V}, E^\circ_{Y^+/Y} = +0.80 \text{ V}$$

- ক. দ্রবণের লঘুকরণ কী? ১
 খ. দুর্বল এসিড ও দুর্বল ক্ষারকের প্রশমন টাইট্রেশনে উপযুক্ত নির্দেশক নেই কেন? ২
 গ. ডানপাত্রে Y^+ আয়নের পরিমাণ নির্ণয় কর। ৩
 ঘ. Y^+ আয়নের ঘনমাত্রা 1.5 M হলে বাস্তব উজ্জলতার কোনো পরিবর্তন হবে কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



- ক. মোলার পরিবাহিতা কী? ১
 খ. একটি ধাতু কর্তৃক অপর ধাতুর প্রতিস্থাপনের সম্ভাবনা তুমি কীভাবে ব্যাখ্যা করবে? ২
 গ. (i) ও (ii) এর মধ্যে কোন আয়নটি অ্যারোমেটিক? কেন? ৩
 ঘ. (iii) ও (iv) নং যৌগদ্বয়ের কোনটি মেসো যৌগ? কারণসহ বিশ্লেষণ কর। ৪

নটর ডেম কলেজ, ঢাকা

বিষয় কোড : 177


সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶



- ক. লবণ সেতু কী? ১
খ. মোল ভগ্নাংশ তাপমাত্রার উপর নির্ভরশীল নয়-ব্যাখ্যা কর। ২
গ. A ও D থেকে গ্লাইঅক্সাল তৈরির বিক্রিয়া লিখ। ৩
ঘ. ইলেকট্রনাকর্ষী প্রতিস্থানে বিক্রিয়ায় D, E ও F এর সক্রিয়তার তুলনা কর। ৪

- ২ ▶ পাত্র A : 30°C তাপমাত্রার H₂ গ্যাস
পাত্র B : 30°C তাপমাত্রার O₂ গ্যাস
পাত্র C : 30°C তাপমাত্রার (A + B) মিশ্রণ (V = 5L)
C পাত্রের মিশ্রণে একই তাপমাত্রায় N₂ gas যোগ করলে মোট চাপের পার্থক্য হবে 437 mm-Hg

- ক. দর্শক আয়ন কী? ১
খ. আলোক সমাণুতা প্রদর্শনের জন্য কাইরাল কার্বন একমাত্র শর্ত নয়-ব্যাখ্যা কর। ২
গ. C পাত্রে কত গ্রাম N₂ যোগ করা হয়েছিল নির্ণয় কর। ৩
ঘ. A ও B পাত্রের গ্যাসের বিচ্যুতির ধরন যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪


- ৩ ▶ পাত্র I : 15 g গ্রিন ভিত্রিওল + পানি = 200 mL দ্রবণ
পাত্র II : 100 mL অম্লীয় KMnO₄ দ্রবণ
পাত্র III : 200 mL 1.5 H₂C₂O₄·2H₂O
ক. মুক্ত মূলক এর সংজ্ঞা দাও। ১
খ. প্রমাণ জারণ বিভব কোনো তড়িৎদ্বারের অ্যানোড/ক্যাথোড নির্ধারণে সহায়ক কেন? ২

- গ. উদ্দীপকের I ও II নং দ্রবণ মিশ্রিত করলে সংঘটিত বিক্রিয়া আয়ন-ইলেকট্রন পদ্ধতিতে সমতা কর। ৩
ঘ. পাত্র I এর অর্ধেক নমুনা জারিত করতে II ও III এর নমুনা ব্যবহার করা হলে ভিত্রিওলটি বিশুদ্ধ ছিল কিনা? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

- ৪ ▶ পাত্র A : 40 mL 0.1M H₂C₂O₄
পাত্র B : 20 mL 0.1M HCl
পাত্র C : 30 mL NaOH

- ক. আইসোবার রেখা কী? ১
খ. 3° ROH যৌগ লুকাস বিকারকের সাথে দ্রুত সাড়া দেয় কেন-ব্যাখ্যা কর। ২
গ. C পাত্রের দ্রবণকে প্রশমিত করতে A ও B পাত্রের সম্পূর্ণ দ্রবণ প্রয়োজন হলে C পাত্রের দ্রবণের ঘনমাত্রা ppm এককে নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের (B + C) দ্রবণের টাইট্রেশন এবং (A + C) দ্রবণের টাইট্রেশনে মিথাইল অরেঞ্জ নির্দেশক ব্যবহার করা যাবে কি না-যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

- ৫ ▶ কোষ-১ : Fe(s)/Fe²⁺(aq) (2M) || M²⁺(aq) (1M)/M(s)




Fe, M, N এর প্রমাণ বিজারণ বিভব যথাক্রমে : -0.44V,

+ 0.34V, + 0.80V

- ক. চার্লসের সূত্রটি বিবৃত কর। ১
খ. বেনজিনের নাইট্রেশন বিক্রিয়ায় শুধু HNO₃ ব্যবহার করা হয় না কেন? ২
গ. উদ্দীপকের কোষ-১ এর জারণ অর্ধকোষের তড়িৎ বিশ্লেষ্যটির মধ্য দিয়ে 50 mA বিদ্যুৎ 1 ঘণ্টা 5 মিনিট সময় ধরে চালনা করলে তড়িৎদ্বারে কতটি ধাতব পরমাণু জমা হবে? ৩
ঘ. উদ্দীপকের কোষ দুটির মধ্যে 20 °C তাপমাত্রায় কোনটি অধিক তড়িৎশক্তি উৎপন্ন করবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪


৬ ▶



(A ও B যথাক্রমে X এর গাঠনিক সমাণু)


- ক. ফ্যারাডের সূত্র বিবৃত কর। ১
খ. R এর মান কাজ এর সাথে সম্পর্কিত-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের A ও B এর সাপেক্ষে C ও B চিহ্নিত কর। ৩
ঘ. C ও D এর সাথে RMgX এর বিক্রিয়ার গতি একই হবে কি? ব্যাখ্যা কর। ৪

৭ ▶



- ক. বয়েল তাপমাত্রা কী? ১
খ. মিথান্যাল ও ইথান্যালকে কীভাবে পার্থক্য করবে? ২
গ. A পাত্রের আয়তন নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের A ও Y গ্যাসের ব্যাপনের হার এক নয়-ব্যাখ্যা কর। ৪

৮ ▶



- ক. সেকেন্ডারি স্ট্যান্ডার্ড পদার্থ কী? ১
খ. K₂Cr₂O₇ রঙিন হওয়া সত্ত্বেও স্ব-নির্দেশক নয়-ব্যাখ্যা কর। ২
গ. Q যৌগটির জলীয় ক্ষারের সাথে বিক্রিয়া কৌশল লিখ। ৩
ঘ. A ও C যৌগে Nu⁻ আক্রমণে বিক্রিয়া কৌশল একই হবে কি?—বিশ্লেষণ কর। ৪

ঢাকা কলেজ


বিষয় কোড : 177

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট


রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০



দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।




- ক. TDS কী? ১
খ. দুর্বল এসিডের অনুবন্ধী ক্ষারক সবল হয় কেন? ২
গ. উদ্দীপকের B যৌগ থেকে গ্লাইঅক্সাল কীভাবে পাবে? ৩
ঘ. উদ্দীপকের A এবং B উভয়ের সাথে Br_2 বিক্রিয়া করে তবে বিক্রিয়ার কৌশল ভিন্ন ভিন্ন ব্যাখ্যা কর। ৪




- ক. প্রমাণ হাইড্রোজেন তড়িৎদ্বার কী? ১
খ. দূষিত পানির নমুনায় COD মান BOD মান থেকে বেশি হয় কেন? ২
গ. উদ্দীপকের A এবং B যৌগের মধ্যে কোনটি স্টেরিও সমাণুতা প্রদর্শন করবে যুক্তি দেখাও। ৩
ঘ. উদ্দীপকের C যৌগের প্রস্তুতির ক্ষেত্রে S_N1 এবং S_N2 এর মধ্যে কোন কৌশলটি অধিকতর প্রযোজ্য বিশ্লেষণ কর। ৪



- ক. মোল ভগ্নাংশ কী? ১
খ. Sn^{2+} জারক ও বিজারক উভয়রূপে ক্রিয়া করে—ব্যাখ্যা কর। ২
গ. B যৌগ হতে হাইড্রোক্যার্বন প্রস্তুতি সম্ভব কিনা বিক্রিয়াসহ দেখাও। ৩
ঘ. কেন্দ্রাকর্ষী সংযোজন বিক্রিয়ায় B ও D এর মধ্যে কোনটি অধিকতর সক্রিয় বিশ্লেষণ কর। ৪



- ক. টটোমার কী? ১
খ. জিংক এর বিজারণ বিভব $-0.76V$ বলতে কী বুঝ? ২
গ. STP তে কত গ্রাম C গ্যাসের গতিশক্তি 2500 J হবে তা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের B ও C গ্যাস দুটির আচরণ A গ্যাসের অনুরূপ নয় কেন? বিশ্লেষণ কর। ৪



- ক. সেমিমোলার দ্রবণ কী? ১
খ. গ্যালাভানিক কোষে লবণ সেতু ব্যবহার করা হয় কেন? ২
গ. স্টপকক বন্ধ থাকা অবস্থায় $25^\circ C$ তাপমাত্রায় N_2 গ্যাসের অণু সংখ্যা হিসাব কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত মোট চাপ ডাল্টনের আংশিক চাপ সূত্রকে সমর্থন করে কি না— বিশ্লেষণ কর। ৪

৬ \triangleright

Q-কোম্পানির Fe-ট্যাবলেট 500 mg	32 mL 0.05 M KMnO ₄ দ্রবণ
A পাত্র	B পাত্র

- ক. অ্যালিসাইক্লিক যৌগ কী? ১
খ. অ্যামোনিয়া ও অ্যানিলিনের মধ্যে কোনটি দুর্বল ক্ষারক এবং কেন? ২
গ. উদ্দীপকের B পাত্রে উল্লেখিত ঘনমাত্রার দ্রবণটি কিভাবে প্রস্তুত করবে? ৩
ঘ. Q-কোম্পানির Fe ট্যাবলেটটির বিশুদ্ধতা নির্ণয় কর। ৪


৭ \triangleright

50 mL 0.5 M Na ₂ CO ₃ দ্রবণ	20 mL 0.1 M H ₂ SO ₄ দ্রবণ	40 mL 0.05 M HCl দ্রবণ
A	B	C

- ক. তড়িৎ রাসায়নিক তুল্যাক্ষ কী? ১
খ. $FeCl_3$ কে লুইস এসিড বলা হয় কেন? ২
গ. A ও C দ্রবণের প্রশমন বিক্রিয়ার জন্য উপযুক্ত নির্দেশক কী কী হতে পারে তা লেখচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৩
ঘ. A, B ও C পাত্রের দ্রবণ একত্রে মিশ্রিত করলে মিশ্রণের প্রকৃতি কীরূপ হবে—বিশ্লেষণ কর। ৪

৮ \triangleright নিচে একটি তড়িৎ বিশ্লেষণ কোষ দেওয়া হলো:

$I = 3.7 \text{ A}$, $t = 6 \text{ hours}$



$$E^\circ_{Ni^{2+}/Ni} = -0.25V, E^\circ_{Sn^{2+}/Sn} = -0.14V$$

$$E^\circ_{Zn/Zn^{2+}} = +0.76V$$

- ক. মোলার আয়তন কী? ১
খ. H_2O উভধর্মী—ব্যাখ্যা কর। ২
গ. তড়িৎ বিশ্লেষণ পর উদ্দীপকের দ্রবণের ঘনমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের দ্রবণটিকে Zn ও Sn ধাতু নির্মিত পাত্রের মধ্যে কোনটিতে সংরক্ষণ করা যাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

রাজশাহী কলেজ

বিষয় কোড : 177

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট


রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

A গ্যাসের গতিশক্তি 0.44259 kJ, 303K তাপমাত্রায় গ্যাসটির ভর 8.316gm




- ক. ফ্যারাডের তড়িৎ বিশ্লেষণ সূত্রটি লেখ। ১
খ. কোনো পদার্থের নির্দেশকরূপে আচরণের শর্ত লিখ। ২
গ. (i) নং এর গ্যাসটির বর্গমূল গড়বর্গ বেগ নির্ণয় কর। ৩
ঘ. X যে ধরনের গ্যাসকে প্রতিনিধিত্ব করে তার সমীকরণ লিখে তা Y গ্যাসের সমীকরণে রূপান্তরের ব্যাখ্যা দাও। ৪

২ ▶ উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

0.6 g A গ্যাস 912 mm (Hg) 400mL 27°C	0.7 g B গ্যাস 1.2 atm 350mL 27°C	9.98 atm 0.3 L CO ₂ গ্যাস rms বেগ 412.38 ms ⁻¹
A-পাত্র	B-পাত্র	C-পাত্র


- ক. নির্দেশক তড়িৎদ্বার কী? ১
খ. সেকেন্ডারি স্ট্যান্ডার্ড পদার্থের বৈশিষ্ট্য লিখ। ২
গ. উদ্দীপকের C-পাত্রের গ্যাসটির মোট গতিশক্তি নির্ণয় কর। ৩
ঘ. A এবং B গ্যাসের মধ্যে কোনটির ব্যাপন হার বেশি গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. সংকেতচনশীলতা গুণাংক কী? ১
খ. আরহেনিয়াস তড়ের সাফল্য বর্ণনা কর। ২
গ. A কে অ্যালকোহলিক KOH দ্রবণে উত্তপ্ত করলে কী ঘটবে? ৩
ঘ. A ও B এর মধ্যে কোনটি S_N1 ক্রিয়াকৌশল অবলম্বন করে? কারণসহ বিশ্লেষণ কর। ৪

৪ ▶ উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. লুইস অম্ল কী? ১
খ. পানিতে মোট দ্রবীভূত কঠিন পদার্থগুলো কী কী? ২
গ. উদ্দীপকের B থেকে C উৎপাদন কৌশল বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের B, D ও E কে চিহ্নিত কর এবং ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়ায় এদের সক্রিয়তার ক্রম বিশ্লেষণ কর। ৪

৫ ▶ উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

90 ml 15% H ₂ C ₂ O ₄	400 ml 10,000 ppm NaOH	A + B
A-পাত্র	B-পাত্র	C-পাত্র


- ক. কার্বানায়ন কী? ১
খ. এনানসিওমার ও ডায়াস্টেরিওমারের পার্থক্য লিখ। ২
গ. C পাত্রে মিশ্রণের pH নির্ণয় কর। ৩
ঘ. A পাত্রের দ্রবণকে B পাত্রের দ্রবণ দ্বারা টাইট্রেশন করতে উপযুক্ত নির্দেশক লেখচিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৬ ▶ উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

5.0265 gm লোহার আকরিক ↓ H ₂ SO ₄ দ্রবণ 100 ml	30 ml 0.15 M KMnO ₄	অণবিক ভর লোহার ভর 55.85
(1)	(2)	




- ক. প্রমাণ তড়িৎদ্বার বিভব কী? ১
খ. NH₄OH ও HCl প্রশমন বিক্রিয়ায় উপযুক্ত নির্দেশক লেখচিত্র দ্বারা নির্ণয় কর। ২
গ. (2) নং দ্বারা (1) এর 25 ml কে প্রশমন করা গেলে লোহার বিশুদ্ধতা হিসাব কর। ৩
ঘ. (2) এর অম্লীয় দ্রবণে লঘু H₂S চালনা করলে যে বিক্রিয়া সংঘটিত হয় তা আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা কর। ৪

৭ ▶ উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. ফ্রি-রেডিকেল কী? ১
খ. Zn তড়িৎদ্বারের জারণ বিভব 0.76V বলতে কি বোঝ। ২
গ. উদ্দীপকে বিদ্যুৎ প্রবাহিত হলে কী পরিমাণ ইলেকট্রন তারের মধ্য দিয়ে প্রবাহিত হবে? হিসাব কর। ৩
ঘ. তড়িৎ প্রবাহিত হওয়ার পর Cr³⁺ আয়নের পরিমাণ নির্ণয় কর। [Cr এর পারমাণবিক ভর 52] ৪

৮ ▶ উদ্দীপকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. কেন্দ্রাকর্ষী সংযোজন বিক্রিয়া কী? ১
খ. পানির COD 1.5 mgL⁻¹ বলতে কি বোঝ? ২
গ. i ও iii নং তড়িৎদ্বার দ্বারা কার্যকর কোষ তৈরি করে অর্ধবিক্রিয়া লিখে মোট কোষ বিভব নির্ণয় কর। ৩
ঘ. (iii) নং দ্রবণকে A ও B ধাতুর নির্মিত পাত্রের কোনটিতে রাখা নিরাপদ? বিশ্লেষণ কর। ৪

ক্যান্টনমেন্ট কলেজ, যশোর
রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


বিষয় কোড : 1 7 7

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶



- ক. পরমশূন্য তাপমাত্রা কী? ১
খ. নমুনা পানির COD এর মান BOD অপেক্ষা বেশি কেন? ব্যাখ্যা কর। ২
গ. ৩নং পাত্রে গ্যাস মিশ্রণের মোট চাপ কত হবে? গণনা কর। ৩
ঘ. উদ্দীপকের কোন গ্যাসটির ব্যাপন হার বেশি হবে? গাণিতিক যুক্তি দাও। ৪


২ ▶



$$E^{\circ}_{M^{2+}/M} = 0.25 \text{ V}, E^{\circ}_{M^{+}/M} = +0.799 \text{ V} \text{ এবং } E^{\circ}_{Zn^{2+}/Zn} = -0.76 \text{ V}$$


- ক. অনুবন্ধী ক্ষারক কী? ১
খ. ল্যাটিক এসিড আলোক সমাণুতা প্রদর্শন করে কেন? ২
গ. উদ্দীপকের কোষটির কোষ বিক্রিয়া উল্লেখপূর্বক e.m.f নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের অ্যানোডের দ্রবণকে জিলের পাত্রে সংরক্ষণ করা যাবে কিনা-গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶




- ক. প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ কাকে বলে? ১
খ. বেনজিন একটি অ্যারোমেটিক যৌগ-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের A ও B দ্রবণের মিশ্রণে সংঘটিত বিক্রিয়াকে আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা বিধান কর। ৩
ঘ. উদ্দীপকের A দ্রবণকে ব্যবহার করে B দ্রবণে উপস্থিত আয়নের ভেজালের শতকরা পরিমাণ নির্ণয় করা সম্ভব কিনা-গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶



- ক. রেসিমিক মিশ্রণ কী? ১
খ. 5 মোল চিনি ও 10 মোল H₂O এর মিশ্রণে চিনির মোল ভগ্নাংশ কত? ২


- গ. উদ্দীপকের B-পাত্রের দ্রবণকে সম্পূর্ণরূপে প্রশমিত করতে A-পাত্রের সম্পূর্ণ দ্রবণের প্রয়োজন হলে দ্রবণে দ্রবীভূত KOH এর পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. পাত্র-A এর দ্রবণকে পাত্র-B এর দ্রবণ দ্বারা টাইট্রেট করতে কোন নির্দেশক উপযোগী? নির্দেশক লেখচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪



এখানে C যৌগ ফেহলিং দ্রবণের সাথে প্রয়োজনীয় অধঃক্ষেপ সৃষ্টি করে।


- ক. লুকাস বিকারক কাকে বলে? ১
খ. অ্যানিলিন ক্ষারধর্মী- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের A এবং B যৌগের জ্যামিতিক সমাণুতা দেখাবে- নির্ণয় কর। ৩
ঘ. কেন্দ্রাকর্ষী সংযোজন বিক্রিয়ায় C, D, E যৌগের সক্রিয়তা একই হবে-বিশ্লেষণ কর। ৪

৬ ▶




- ক. SATP এর পূর্ণরূপ কী? ১
খ. Ag এর তড়িৎ রাসায়নিক তুল্যাক 0.001118 g C⁻¹ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. 'A' থেকে 'B' এর প্রস্তুতি সমীকরণসহ লেখ। ৩
ঘ. A ও C এর মধ্যে কোনটি অম্লীয়? বিশ্লেষণ কর। ৪

৭ ▶



- ক. RMS বেগ কাকে বলে? ১
খ. NH₃ একটি লুইস ক্ষারক-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ১নং লেখচিত্র হতে তাপমাত্রা পরিমাপের একটি স্কেল পাওয়া যায়-ব্যাখ্যা কর। ৩
ঘ. গ্যাস সিলিডারের নিরাপত্তা বিধানে লেখচিত্র-২ সমর্থিত সূত্র কোনো ভূমিকা রাখতে পারে কিনা-বিশ্লেষণ কর। ৪



- ক. কাইরাল কার্বনের সংজ্ঞা দাও। ১
খ. HS⁻ একটি উভধর্মী যৌগ- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের X হতে Y যৌগের প্রস্তুতির কৌশল বর্ণনা কর। ৩
ঘ. ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়ায় X এবং Y এর মধ্যে কোনটি অধিক সক্রিয়? বিশ্লেষণ কর। ৪

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 7 7

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ $A(C_4H_9X)$ — $\begin{matrix} \xrightarrow{KOH(aq)} C \\ \xrightarrow{KOH(alc)} D \end{matrix}$
3^o সমাণু
- ক. মেসো সমাণু কী? ১
খ. ক্লিমনসন বিক্রিয়া দ্বারা কার্যকরী মূলক লুপ্ত হয়— ব্যাখ্যা কর। ২
গ. D এর শনাক্তকারী পরীক্ষা বিক্রিয়াসহ লিখ। ৩
ঘ. A থেকে C উৎপাদন কৌশল S_N1 ও S_N2 এর কোনটি অনুসরণ করবে কারণ বিশ্লেষণ কর। ৪

২ ▶

KMnO ₄ 0.1 M 24 mL দ্রবণ	2.0gm অনর্ধ্র ফেরাস সালফেট এর অম্লীয় দ্রবণ	K ₂ Cr ₂ O ₇ দ্রবণ
A পাত্র	B পাত্র	C পাত্র

- ক. দর্শক আয়ন কী? ১
খ. মোলাল দ্রবণ তাপমাত্রার উপর নির্ভরশীল নয় কেন? ২
গ. (B + C) মিশ্রণে সংঘটিত জারণ-বিজারণ বিক্রিয়া আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা বিধান কর। ৩
ঘ. A পাত্রের দ্রবণ দ্বারা B পাত্রের দ্রবণ সম্পূর্ণরূপে জারিত হলে ফেরাস সালফেটের বিশুদ্ধতা নির্ণয় কর। ৪


- ৩ ▶ $K(C_2H_5) \xrightarrow[450^\circ C]{\text{উত্তপ্ত Fe নল}} L \xrightarrow[\text{অ্যালকাইলেশন}]{\text{i. HNO}_3/\text{H}_2\text{SO}_4} M \xrightarrow{\text{Sn/HCl}} N$
 $L \xrightarrow{\text{O}_2} O$
- ক. ফুলারিন কী? ১
খ. R⁺CH₂ অপেক্ষা R₂CH⁺ অধিক সুস্থিত ব্যাখ্যা কর। ২
গ. L→O উৎপাদন কৌশল লিখ। ৩
ঘ. N ও O উভয় যৌগের নাইট্রেশনে অর্থো প্যারা অবস্থানে প্রতিস্থাপন ঘটবে কি-না কারণ বিশ্লেষণ কর। ৪

৪ ▶

NaOH 0.1 M 30 mL	0.2 M CH ₃ COOH 30mL K _a = 1.8 × 10 ⁻⁵	HCl দ্রবণ
A পাত্র	B পাত্র	C পাত্র

- ক. ppm কী? ১
খ. H₂SO₄ প্রাইমারী স্ট্যাভার্ড পদার্থ নয় কেন? ২
গ. (A + B) মিশ্রিত দ্রবণের pH নির্ণয় কর। ৩
ঘ. A ও C এবং A ও B এর টাইট্রেশনে একই নির্দেশক ব্যবহার করা যাবে কি না-কারণ বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ প্রমাণ তড়িৎদ্বার বিভব, M/M²⁺ = + 0.76V; A/A²⁺ = + 2.36V; B/B⁺ = - 0.80V; D/D³⁺ = - 1.42V এবং [A²⁺] = [M²⁺] = 0.2M ও [B⁺] = [D³⁺] = 0.1M
- ক. লবণ সেতু কী? ১
খ. সিলভারের তড়িৎ রাসায়নিক তুল্যাক্ষ 0.001118gC⁻¹ বলতে কী বুঝ? ২

- গ. উদ্দীপকের M ধাতু নির্মিত সামগ্রী টেকসই করতে কোন ধাতু দ্বারা তড়িৎ প্রলেপন করলে উত্তম হবে—ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তড়িৎদ্বারগুলো থেকে সর্বোচ্চ emf ধারী একটি সেল ডায়গ্রাম লিখে তার emf নির্ণয় কর। ৪



- ক. ফ্যারাডে কী? ১
খ. বিউটিন-2 কোন ধরনের সমাণুতা প্রদর্শন করে ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তড়িৎবিশ্লেষণে 10A মাত্রার বিদ্যুৎ 1 hour চালানো হলে দ্রবণে আয়নের ঘনমাত্রা কি পরিবর্তন হবে গাণিতিকভাবে নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত ধাতুসমূহের সর্বোচ্চ জারণ অবস্থার আয়নের দ্রবণে একই পরিমাণ তড়িৎ প্রবাহিত করলে কোন ধাতুটি ক্যাথোডে সর্বোচ্চ পরিমাণ জমা হবে গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৭ ▶ উদ্দীপকটি লক্ষ্য কর—

গ্যাস	চাপ	মোলার আয়তন (L)	তাপমাত্রা (°C)
A	101.325 kPa	22.414	25
B	1.1 atm	24.789	0
C	2 atm	16	27

- ক. পরমশূন্য তাপমাত্রা কী? ১
খ. BOD অপেক্ষা COD মান বেশি কেন? ২
গ. A গ্যাসকে, প্রধান গ্রিন হাউজ গ্যাস বিবেচনা করলে তার rms বেগ কত হবে নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে কোন গ্যাসটির আদর্শ আচরণ থেকে বিচ্যুতি বেশি হয়েছে, গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶

গ্যাস	চাপ	আয়তন (L)	তাপমাত্রা (°C)
Q(18.006gm)	202.65 kPa	5	25
P	1.1 atm	7	27
Q + P	P _{mix} = ?	16	27

- ক. এসিড বৃষ্টি কী? ১
খ. ধ্রুবক R কে সার্বজনীন গ্যাস ধ্রুবক বলা হয় কেন? ২
গ. Q গ্যাসের আণবিক ভর নির্ণয় কর। ৩
ঘ. মিশ্রণের মোট চাপে কোন গ্যাসের অবদান বেশি গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

চট্টগ্রাম কলেজ

বিষয় কোড : 177


রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶




- ক. জ্যামিতিক সমাণুতা কী? ১
- খ. কপারের তড়িৎ রাসায়নিক তুল্যঙ্ক 0.000329 gC^{-1} বলতে কী বুঝ? ২
- গ. A-দ্রবণে 500 mL পানি যোগ করলে যে দ্রবণ তৈরি হয় তার ঘনমাত্রা ppm এককে নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের দ্রবণদ্বয়কে একত্রে মিশ্রিত করলে মিশ্রিত দ্রবণের প্রকৃতি কীরূপ হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ 25 °C তাপমাত্রায় লেখচিত্রটি পাওয়া গেল—




- ক. লবণ সেতু কী? ১
- খ. ফরমিক এসিড বিজারক— ব্যাখ্যা কর। ২
- গ. SATP-তে X বিন্দুতে গ্যাসের আয়তন নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের 'B' ও 'C' গ্যাসদ্বয়ের লেখচিত্র 'A' এর অনুরূপ না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৩ ▶ উদ্দীপক অনুসারে উত্তর দাও :




[এক্ষেত্রে X ও Y এর প্রোটন সংখ্যা যথাক্রমে 5 ও 7]

- ক. মেসো যৌগ কাকে বলে? ১
- খ. নির্দেশকসমূহ 2 pH পরিসরে বর্ণ পরিবর্তন করে— ব্যাখ্যা কর। ২
- গ. ভারী গ্যাসটি কত দূরত্বে হালকা গ্যাসটির সাথে মিলিত হবে? গাণিতিকভাবে দেখাও। ৩
- ঘ. উদ্দীপকের গ্যাসীয় যৌগদ্বয়কে কোন মতবাদের আলোকে এসিড ও ক্ষারক হিসেবে চিহ্নিত করা যায় তা বিশ্লেষণ কর। ৪




- ক. রেসিমিক মিশ্রণ কী? ১
- খ. NaOH এর 25 cm³ জলীয় দ্রবণে 4g NaOH উপস্থিত আছে। দ্রবণটির ঘনমাত্রা শতকরা এককে কত হবে? ২
- গ. প্রাকৃতিক গ্যাস মিথেন থেকে 'R' যৌগটির প্রস্তুতি সমীকরণসহ লেখ। ৩
- ঘ. উদ্দীপকের Q ও R ভিন্ন ধরনের সংযোজন বিক্রিয়া প্রদর্শন করে— বিশ্লেষণ কর। ৪

৫ ▶ উদ্দীপক সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :



- ক. আংশিক চাপ কাকে বলে? ১
- খ. পানির BOD 5 mg/L বলতে কী বুঝায়? ২
- গ. উদ্দীপকের 'A' যৌগের কার্যকরী মূলক শনাক্তকরণ পরীক্ষা সমীকরণসহ লেখ। ৩
- ঘ. 'A' ও 'B' যৌগকে নাইট্রেশন করলে 'প্রতিস্থাপক মূলকটি' উভয় ক্ষেত্রে একই অবস্থানে যুক্ত হবে কিনা, তা বিশ্লেষণ কর। ৪


৬ ▶ উদ্দীপকের আলোকে উত্তর দাও :



[A দ্রবণ সম্পূর্ণরূপে B দ্রবণ দ্বারা জারিত হয়।]

- ক. এসিড বৃষ্টি কী? ১
- খ. ইথান্যাল অ্যালডল ঘনীভবন বিক্রিয়া দেয় কেন? ২
- গ. অম্লীয় মাধ্যমে H₂S এর সাথে B দ্রবণের বিক্রিয়াটি আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা কর। ৩
- ঘ. উদ্দীপকের লৌহ খণ্ডটির বিশুদ্ধতা গাণিতিকভাবে যাচাই কর। ৪


৭ ▶



দ্রবণ A (1L)

হাইড্রোজেন তড়িৎদ্বার; H⁺/H₂(0.5 atm), Ptএখানে, $E^\circ_{\text{Fe}^{2+}/\text{Fe}} = -0.44 \text{ V}$

- ক. বয়েল তাপমাত্রা কাকে বলে? ১
- খ. বাইসালফাইড আয়ন একটি অ্যামফোটেরিক আয়ন কেন? ২
- গ. উদ্দীপকের A পাত্রের ধাতব আয়নকে সম্পূর্ণরূপে ধাতু হিসেবে তড়িৎদ্বারে জমা করতে কত কুলম্ব বিদ্যুৎ প্রয়োজন? ৩
- ঘ. 25 °C তাপমাত্রায় উদ্দীপকের দ্রবণ ও তড়িৎদ্বার সমন্বয়ে গঠিত কোষের EMF 0.428 V হলে হাইড্রোজেন আয়নের ঘনমাত্রা নির্ণয় করা যাবে কী? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

[C₃H₈O যৌগটি কক্ষ তাপমাত্রায় লুকাস বিকারকের সাথে বিক্রিয়া করে না।]

- ক. পানির খরতা কী? ১
- খ. অ্যামোনিয়ার চেয়ে CH₃NH₂ তীব্র ক্ষারধর্মী কেন? ২
- গ. উদ্দীপকের আলোকে প্রয়োজনীয় সমীকরণসহ C₃H₈O যৌগটির গাঠনিক সংকেত নির্ণয় কর। ৩
- ঘ. দেখাও যে, P যৌগের সাথে CH₃MgI এর বিক্রিয়ায় উৎপন্ন যুত যৌগের অম্লীয় আর্দ্র-বিশ্লেষণের ফলে উৎপন্ন যৌগটি আলোক সক্রিয় হবে কিনা— বিশ্লেষণ কর। ৪

জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট


বিষয় কোড : 177

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট


রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।




- ক. নির্দেশক কাকে বলে? ১
 খ. ইথাইন অল্পধর্মী পদার্থ—ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের স্টপকর্ক খোলা অবস্থায় 40 °C তাপমাত্রায় গ্যাস মিশ্রণের মোট চাপ নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের গ্যাসদ্বয়ের ব্যাপন হারের তুলনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪



- ক. অর্ধকোষ কাকে বলে? ১
 খ. কার্যকরী মূলকই জৈব বিক্রিয়ার নিয়ন্ত্রক—ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের Q গ্যাসের গতিশক্তি 30°C তাপমাত্রায় নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের R ও Q গ্যাসদ্বয়ের গ্রাফচিত্র ভিন্ন হওয়ার কারণ যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪





- ক. এসিড বৃষ্টি কী? ১
 খ. জৈব যৌগে -COOH মূলকের উপস্থিতি শনাক্তকরণের পরীক্ষা সমীকরণসহ লেখ। ২
 গ. উদ্দীপকের C যৌগের নাইট্রেশনে প্রতিস্থাপক অর্ধো-প্যারা অবস্থানে যুক্ত হয় না কেন? ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকের A, B ও C যৌগের ক্ষেত্রে ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়ার সক্রিয়তার ক্রম বিশ্লেষণ কর। ৪



- ক. সমচাপ রেখা কাকে বলে? ১
 খ. দুর্বল এসিডের অনুবন্ধী ক্ষারক সবল হয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের P থেকে R যৌগ কীভাবে পাওয়া যাবে? বিক্রিয়াসহ বর্ণনা কর। ৩
 ঘ. S যৌগের নাইট্রেশন করলে মেটা উৎপাদ পাওয়া যায় কেন? বিশ্লেষণ কর। ৪






- ক. অপ্রতিসম কার্বন পরমাণু কী? ১
 খ. -OH মূলক অর্ধো-প্যারা নির্দেশক কেন? ব্যাখ্যা কর। ২
 গ. M কে অ্যালকোহলীয় KOH সহ উত্তপ্ত করলে কী ঘটে? সমীকরণসহ লিখ। ৩
 ঘ. উদ্দীপকের M ও N এর মধ্যে কোনটি S_N1 বিক্রিয়া অনুসরণ করে? মেকানিজমসহ বিশ্লেষণ কর। ৪



- ক. ফ্যারাডের প্রথম সূত্রটি লিখ। ১
 খ. ppm তাপমাত্রার নির্ভর কী? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের দ্রবণ-২ এর ঘনমাত্রা ppm এককে নির্ণয় কর। ৩
 ঘ. দ্রবণ-১ কে দ্রবণ-২ দ্বারা টাইট্রেশন করলে কোন নির্দেশকটি উপযুক্ত হবে? লেখচিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪



- ক. তড়িচ্চালক বল কী? ১
 খ. BF_3 একটি লুইস এসিড— ব্যাখ্যা কর। ২
 গ. B পাত্রে বিদ্যমান দ্রবণের ঘনমাত্রা ppm এককে নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের দ্রবণদ্বয় মিশ্রিত করে প্রাপ্ত মিশ্রণের প্রকৃতি কীভাবে হবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪



- ক. কার্যকরী মূলক কী? ১
 খ. অ্যামোনিয়া অপেক্ষা অ্যানিলিন দুর্বল ক্ষারক কেন? ২
 গ. i ও iii নং তড়িৎদ্বার দ্বারা লবণসেতু কোষ তৈরি করে মোট কোষ বিভব নির্ণয় কর। ৩
 ঘ. iii নং দ্রবণকে A ও B ধাতুর নির্মিত পাত্রে কোনটিতে রাখা নিরাপদ? বিশ্লেষণ কর। ৪

অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল

বিষয় কোড : 177


সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১▶




- ক. রেসিমিক মিশ্রণ কাকে বলে? ১
খ. অম্লীয় $K_2Cr_2O_7$ একটি জারক- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের A পাত্রে অণুর সংখ্যা নির্ণয় কর। ৩
ঘ. স্টপকক খুলে দিলে কোন গ্যাসটি দ্রুত ব্যাপিত হবে-
গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪




- ক. অনুবন্ধী অম্ল কাকে বলে? ১
খ. জিংক তড়িৎদ্বারের প্রমাণ জারণ বিভব $+0.76V$ -বলতে
কী বুঝ? ২
গ. (i) নং সমীকরণে A উৎপাদনের কৌশল লেখ। ৩
ঘ. (ii) নং সমীকরণে B ও C যৌগদ্বয়ের মধ্যে কোনটি
জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করবে? বিশ্লেষণ কর। ৪

৩▶




- X ও Y মৌলের পারমাণবিক সংখ্যা যথাক্রমে 16 ও 19
ক. লুকাস বিকারক কাকে বলে? ১
খ. কিভাবে কার্বনিল মূলককে মিথিলিন মূলকে পরিণত
করবে? ২
গ. B দ্রবণের ঘনমাত্রা ppb এককে নির্ণয় কর। ৩
ঘ. A ও B পাত্রে দ্রবণের মিশ্রণের প্রকৃতি কিরূপ হবে তা
pH নির্ণয়ের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

৪▶




- ক. কার্বনায়ন কী? ১
খ. HCHO অ্যালডল ঘনীভবন বিক্রিয়া দেয় না কেন? ২
গ. ১নং পাত্রে সংঘটিত বিক্রিয়াটি আয়ন-ইলেকট্রন
পদ্ধতিতে সমতা বিধান কর। ৩
ঘ. ২নং পাত্রে 25 mL কে জারিত করতে ৩নং পাত্রে
15mL প্রয়োজন হয়। লোহার টুকরায় ভেজালের
শতকরা পরিমাণ নির্ণয় কর। ৪

৫▶





$$E^\circ_{C^{2+}/C} = +0.34V, E^\circ_{D^{3+}/D} = -1.66V, E^\circ_{X^{2+}/X} = -0.44V$$

- ক. মোল ভগ্নাংশ কাকে বলে? ১
খ. অ্যালকাইন-১ অল্পধর্মী ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কোষটির তড়িচ্চালক বল নির্ণয় কর। (25°C
তাপমাত্রায়) ৩
ঘ. উদ্দীপকের অ্যানোডের দ্রবণটিকে দীর্ঘদিন X ধাতু নির্মিত পাত্রে
সংরক্ষণ করা যাবে কি না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪




- ক. প্রমাণ হাইড্রোজেন তড়িৎদ্বার কাকে বলে? ১
খ. কোন নমুনা পানির BOD অপেক্ষা COD-এর মান বেশি
হয় কেন? ২
গ. A হতে B উৎপাদনের কৌশল লেখ। ৩
ঘ. ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়ায় A, B ও C-এর
সক্রিয়তার তুলনা কর। ৪

৭▶



- ক. ফ্যারাডের প্রথম সূত্রটি লিখ। ১
খ. HCO_3^- আয়ন উভধর্মী- ব্যাখ্যা কর। ২
গ. 6.5g B গ্যাসের অণুসমূহের গতিশক্তি নির্ণয় কর। ৩
ঘ. B গ্যাসটির আচরণ A গ্যাসটির মতো না হওয়ার কারণ
বিশ্লেষণ কর। ৪



- A টলেন বিকারকের সাথে বিক্রিয়া করে কিন্তু B বিক্রিয়া করে না।
ক. নির্দেশক কী? ১
খ. CGS এককে R-এর মান নির্ণয় কর। ২
গ. A হতে কিভাবে 1° অ্যালকোহল পাবে? ৩
ঘ. কেন্দ্রাকর্ষী যুত বিক্রিয়ায় A ও B এর মধ্যে কোনটি
অধিক সক্রিয়? বিশ্লেষণ কর। ৪

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

বিষয় কোড : 177


সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন



পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶




- ক. হাকেল নীতি কী? ১
- খ. 1° অ্যামিন অপেক্ষা 2° অ্যামিনের ক্ষারকত্ব বেশি কেন? ২
- গ. N₂ গ্যাসের অণুর সংখ্যা নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের গ্যাসদ্বয়ের মিশ্রণের পর্যবেক্ষিত মোট চাপ 58 cm(Hg) হলে গ্যাসদ্বয় বাস্তব নাকি আদর্শ- বিশ্লেষণ কর। ৪




- ক. আইসোকোর কী? ১
- খ. জুল থমসন প্রক্রিয়ায় গ্যাস শীতল হয় কেন? ২
- গ. ii নং বিক্রিয়াটি আয়ন ইলেকট্রন পদ্ধতিতে সমতা কর। ৩
- ঘ. i নং সমীকরণে ব্যবহৃত আয়রন (Fe) নমুনাটি বিশুদ্ধ কিনা- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



- ক. ক্যাটেনেশন কী? ১
- খ. সিস-ট্রান্স সমাপাতার শর্তসমূহ লেখ। ২
- গ. উদ্দীপকে D যৌগটির কার্যকরী মূলকটির শনাক্তকরণ বিক্রিয়াসহ ব্যাখ্যা কর। ৩
- ঘ. “উদ্দীপকের A যৌগটির আর্দ্র বিশ্লেষণে প্রাপ্ত যৌগটি B যৌগের সমগোত্রক”- বিশ্লেষণ কর। ৪


৪ ▶




- ক. অনুবন্ধী অম্লের সংজ্ঞা দাও। ১
- খ. জারণ-বিজারণ বিক্রিয়া যুগপৎ ঘটে- ব্যাখ্যা কর। ২

গ. পাত্র-১ এর ঘনমাত্রা ppm এককে নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের পাত্র (১, ২) দ্রবণদ্বয়ের মিশ্রণের pH নির্ণয়ের মাধ্যমে প্রকৃতি বিশ্লেষণ কর। ৪




- ii. $\text{C}_4\text{H}_{10}\text{O}$
- ক. প্রাইমারী প্রমাণ পদার্থ কী? ১
- খ. বেনজিন একটি অ্যারোমেটিক যৌগ- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে ii দ্বারা গঠিত 1° 2° ও 3° অ্যালকোহলের মধ্যে লুকাস বিকারকের দ্বারা পার্থক্য সমীকরণসহ ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের i এর A যৌগ তৈরির কৌশল S_N1 নাকি S_N2? বিশ্লেষণ কর। ৪




- ক. জারণ মান কী? ১
- খ. জৈব নমুনায় কার্বনিল মূলকের উপস্থিতি কীরূপে শনাক্ত করবে? ২
- গ. A থেকে B যৌগ প্রস্তুতির কৌশল বর্ণনা কর। ৩
- ঘ. ইলেকট্রনাকর্ষী প্রতিস্থাপন বিক্রিয়ায় A নাকি B যৌগটি অধিক সক্রিয়? বিশ্লেষণ কর। ৪

৭ ▶



- ক. গে-লুস্যাকের চাপের সূত্রটি লেখ। ১
